

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০৪১.০০.০০.০০১.২০১৫-১৭০


তারিখ: ০৪-০৭-২০১৮ খ্রি:।

বিষয়: একমাত্র দেশীয় উৎপাদনকারী প্রতিষ্ঠান জেএমআই সিরিঞ্জেস এন্ড মেডিকেল ডিভাইসেস লিঃ কর্তৃক উৎপাদিত Auto Disable (AD) Syringe ক্রয়ের নিমিত্ত পিপিএ-২০০৬ এর ধারা ৬৮(১) মোতাবেক জনস্বার্থে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ।

সূত্র: স্মারক নং-স্বাঃঅধিঃ/ইপিআই/প্রশাসন/গ্যাভী-৩৪৯/২০১৭/৯৪৪, তারিখ: ০৭-০৬-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে দেশীয় উৎপাদনকারী প্রতিষ্ঠান জেএমআই সিরিঞ্জেস এন্ড মেডিকেল ডিভাইসেস লিঃ কর্তৃক উৎপাদিত Auto Disable (AD) Syringe পিপিএ-২০০৬ এর ধারা ৬৮(১) মোতাবেক জনস্বার্থে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সানুগ্রহ অনুমোদন করা হয়।

এমতাবস্থায়, লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএইচ এর প্রস্তাব মোতাবেক এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ অনুমোদনের প্রেক্ষিতে ২০১৮-২০১৯ অর্থ বছরে এমএনসিএন্ডএইচ ওপির প্রকিউরমেন্ট প্ল্যানের আওতায় Auto Disable (AD) Syringe ক্রয়ের বিষয়টি ওপিতে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
এমএনসিএন্ডএইচ
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.০৭.০০.০০১.২০১৫-১৭৩

তারিখ: ০৯-০৭-২০১৮ খ্রি:

বিষয়: কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি) ওপির ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (সার্ভিসেস)-এ প্রশাসনিক অনুমোদন


সূত্র: স্মারক নং-স্বা:অধি:/রোগ:নি:/জনবল/নিয়োগ/২০১৮/২২৩০, তাং-২৯-০৫-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের পরিপ্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি) এর প্রস্তাব মোতাবেক সিডিসি ওপির ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (সার্ভিসেস) এর আওতায় কনসালটেন্ট নিয়োগ/সেবা ক্রয়ের নিমিত্ত ৩ (তিন)টি প্যাকেজের বিপরীতে (প্যাকেজ নং-এসপি-১, এসপি-৪ এবং এসপি-৭) প্রস্তাবিত ৯২২.২০ লক্ষ (নয় কোটি বাইশ লক্ষ বিশ হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের প্রকিউরমেন্ট প্ল্যান (সার্ভিসেস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ, ২০০৬, পিপিআর, ২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজ ক্রয়ের ক্ষেত্রে Individual Consultant Selection (ICS) method অনুসরণ করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে;
- (ঘ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঙ) আরপিএ (জিওবি) খাতে ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সেবা ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে;
- (চ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

সংযুক্তি: ০১ (এক) পাতা


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
কমিউনিক্যাবল ডিজিজ কন্ট্রোল (সিডিসি)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ)।